দৈনিক ইত্তেফাক
তারিখ SEP. 24 2002
পৃষ্ঠা ১ কলাম ৬



## ডঃ এস এম এ ফায়েজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নতুন ভিসি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** প্রফেসর ডঃ এস এম এ ফায়েজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নতুন ভিসি নিযুক্ত হয়েছেন। গতকাল (সোমবার) অপরাহ্নে প্রফেসর এস এম এ. ফায়েজ বিশ্ববিদ্যালয়ের ২৬তম ভিসি হিসেবে যোগদান করেন। এ উপলক্ষে ভিসি কার্যালয়ে আয়োজিত এক অনাড়ম্বর অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ভিসি প্রফেসর ইউসুফ হায়দারের নিকট থেকে

৫-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

## ঢাঃ বিঃ নতুন ভিসি

প্রথম পৃষ্ঠার পর

তিনি ভিসির দায়িত্বভার গ্রহণ করেন। দেশের প্রেসিডেন্ট ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ঢাকা বিশ্ববিদ্যালয় আইন ১৯৭৩-এর ১১ (২) ধারা অনুযায়ী মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের প্রফেসর ফায়েজকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি পদে নিয়োগ করেন। একই আদেশে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ভিসি ইউসুফ হায়দারকে তার অতিরিক্ত দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হয়।

ভিসি কার্যালয়ে আয়োজিত দায়িত্বভার হস্তান্তর অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর সৈয়দ রাশিদুল হাসান, সিন্ডিকেট সদস্যবৃন্দ, বিভিন্ন অনুষদের ডীন, হলের প্রভোস্ট, বিভাগীয় চেয়ারম্যান, ইনস্টিটিউটের পরিচালক, প্রক্টর, শিক্ষক সমিতির সভাপতি এবং বিপুলসংখ্যক শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন।

দায়িত্ব গ্রহণের পর নবনিযুক্ত ভিসি প্রফেসর এস এম এ ফায়েজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের হৃত গৌরব পুনরুদ্ধার এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার অঙ্গীকার ব্যক্ত করেন। তিনি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম স্বাভাবিক রাখার ব্যাপারে সর্বাত্মক সহযোগিতা প্রদানের জন্য শিক্ষক, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা-কর্মচারী, অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান।

গতকাল বেলা ২টা ৫০ মিনিটে নবনিযুক্ত ভিসি প্রফেসর ফায়েজ সাবেক ভিসি প্রফেসর আনোয়ারউল্লাহ চৌধুরীকে সাথে নিয়ে ভিসি অফিসে আসেন। তুমুল করতালির মধ্য দিয়ে ভারপ্রাপ্ত ভিসি ডঃ ইউসুফ হায়দার নতুন ভিসির নিকট দায়িত্ব হস্তান্তর করেন। প্রফেসর ফায়েজ ভিসি হিসেবে আনুষ্ঠানিকভাবে যোগদানের পর বিশ্ববিদ্যালয়ের বিপুলসংখ্যক শিক্ষক, কর্মকর্তা- কর্মচারী, ছাত্র-ছাত্রী, হল প্রভোস্ট, প্রক্টর অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি, জাতীয়তাবাদী ছাত্রদল, ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশন, বিশ্ববিদ্যালয় কর্মচারী সমিতি, ৪র্থ শ্রেণী কর্মচারী ইউনিয়ন এবং ভিসি দফতরসহ বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে ভিসিকে ফুলের তোড়া উপহার দিয়ে অভিনন্দন জ্ঞাপন করা হয়।

এসময় নতুন ভিসিকে অভিনন্দন জানিয়ে বক্তব্য রাখেন প্রো-ভিসি প্রফেসর ইউসুফ হায়দার, ট্রেজারার প্রফেসর সৈয়দ রাশিদুল হাসান, সামাজিক বিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর আসাদুজ্জামান, সাবেক ডীন প্রফেসর আতাউর রহমান, ফার্মেসী অনুষদের ডীন প্রফেসর চৌধুরী মাহমুদ হাসান, ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের চেয়ারম্যান ও সিন্ডিকেট সদস্য প্রফেসর আফতাব আহমাদ, প্রফেসর তোফাজ্জল হোসেন খান, এফ রহমান হলের প্রভোস্ট ফেরদৌস হোসেন, অফিসার্স সমিতির সভাপতি আব্দুল লতিফ প্রমুখ। অভিনন্দন জ্ঞাপনের পর সকলেই মিষ্টিমুখ করেন।

**নবনিযুক্ত ভিসির প্রতিক্রিয়া**

নবনিযুক্ত ভিসি প্রফেসর এস এম এ ফায়েজ সাংবাদিকদের বলেন, দায়িত্ব পাওয়ার পর এখন বিশ্ববিদ্যালয় খুলে দিয়ে ক্লাস ও পরীক্ষা সুষ্ঠুভাবে চালু করে সেশনজট দূর করাই আমার প্রধান কাজ। তিনি বলেন, সকলের সহযোগিতায় বিশ্ববিদ্যালয় সুন্দরভাবে পরিচালনা করার সর্বাত্মক চেষ্টা চালিয়ে যাবো। বিশ্বমানের বিশ্ববিদ্যালয় গড়াই আমার স্বপ্ন। আপনি কি দলীয়ভাবে নিয়োগ পেয়েছেন– সাংবাদিকদের এ প্রশ্নের জবাবে তিনি বলেন, প্রধানমন্ত্রী আমার অতীত ব্যাকগ্রাউন্ড ও শিক্ষক হিসেবে অবদানের কথা বিবেচনা করেই ভিসি নিয়োগ দিয়েছেন বলে আমার বিশ্বাস। শামসুন্নাহার হলের ঘটনাসহ পরবর্তী ঘটনাবলীকে তিনি দুঃখজনক বলে মন্তব্য করেন। ভিসি বলেন, সকলের সহযোগিতায় সন্ত্রাসমুক্ত বিশ্ববিদ্যালয় গড়ে তোলা হবে।